অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**নিবন্ধন অধিদপ্তর**
১৪,আবদুল গনি রোড,ঢাকা।

**ঃ আদেশ ঃ**

নিবন্ধন অধিদপ্তরাধীন জেলা রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রার এর কার্যালয়সমূহ বিগত বিভিন্ন অর্থ বছরের সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরের অডিট টিম কর্তৃক নিরীক্ষিত হওয়ার পর উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ধারাবাহিকভাবে সকল কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিকাংশ অফিস এবং অফিস প্রধানগণ শৈথিল্য প্রদর্শন করছে, যা মোটেই কাম্য নয়। অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে যথাসময়ে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ না করা অনভিপ্রেত।

(২) অডিট আপত্তির ব্রডশীট জবাব (BSR) এবং প্রমাণক সমূহের ন্যূনতম দুই প্রস্থ সুস্পষ্ট জবাব/মন্তব্য সহকারে অধিদপ্তরে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রার এবং জেলা রেজিস্ট্রার এর কার্যালয়ে একপ্রস্থ করে সকল প্রমাণকসহ অবশ্যই সংরক্ষণ করতে হবে।

(৩) আপত্তিসমূহের জবাব অনুচ্ছেদ অনুসারে পৃথক পৃথকভাবে ধারাবাহিক ক্রমানুসারে লিপিবদ্ধ করতে হবে। প্রতিটি অনুচ্ছেদের জবাব/মন্তব্য/সুপারিশের পর পৃথকভাবে পদবী, সীলসহ সাক্ষর করতে হবে।

(৪) জবাবের প্রমাণকস্বরূপ আইন, বিধি, অফিস আদেশ, পরিপত্র ইত্যাদির স্বচ্ছ ও স্পষ্ট কপি সংলাগ/সংযুক্তি আকারে চিহ্নিত করে সংযোজন করতে হবে।

(৫) আদায়যোগ্য ঘাটতি রাজস্ব আদায়ের বিষয়ে নিরীক্ষিত অফিসের বর্তমানে কর্মরত কর্মকর্তাকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং জেলা রেজিস্ট্রারকে বিষয়টি বিশেষভাবে তদারক করতে হবে।

(৬) ঘাটতি রাজস্ব আদায় হলে স্থানীয় অফিসের জবাব/গৃহীত ব্যবস্থার কলামে প্রমাণকস্বরূপ; যেমন- পে-অর্ডার নম্বর, তারিখ, চালান নং ও তারিখ, আদায়কৃত রেজিস্টারের ক্রমিক ও পৃষ্ঠা নম্বর, জমাকৃত অর্থের পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং চালানের ভেরিফিকেশন কপি, ব্যাংক বিবরণীর কপিসহ উল্লিখিত প্রমাণকসমূহ সংযুক্তি আকারে দিতে হবে।

(৭) সময়মত ব্রডশীট জবাব প্রেরণ না করলে আপত্তি নিষ্পত্তিযোগ্য হলেও নিরীক্ষা কর্তৃপক্ষের নিকট জবাব নির্ধারিত সময়ে না পৌছানোর কারণে আপত্তি অমিমাংসিত থেকে যায়। কাজেই ব্রডশীট জবাব আবশ্যিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

(৮) "আপত্তির বিষয়বস্তু" কলামে অডিট টিম কর্তৃক স্থানীয় পরিদর্শন প্রতিবেদনে (LIR) যে বিষয়বস্তু উল্লেখ করা হয় তা হুবহু লিপিবদ্ধ করতে হবে।

(৯) ব্রডশীট জবাব নিম্নের ছক মোতাবেক প্রেরণ করতে হবেঃ-

| অডিটের সময় কাল | অনুচ্ছেদ নম্বর | আপত্তির বিষয়বস্তু | স্থানীয় অফিসের জবাব/ গৃহীত ব্যবস্থা | জেলা রেজিস্ট্রারের মন্তব্য | উর্দ্ধতন কর্তৃপক্ষের (মহা-পরিদর্শক নিবন্ধন) মন্তব্য/সুপারিশ | প্রশাসনিক মন্ত্রণালয়ের সুপারিশ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| | | | | | | |

(১০) নিরীক্ষাকালীন সময়ে নিরীক্ষা দলকে বিধিসম্মতভাবে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।

স্বাঃ/-
(মো: আল-মামুন)
মহা-পরিদর্শক,নিবন্ধন
বাংলাদেশ,ঢাকা।

স্মারক নং-১০.০৫.০০০০.০০১.৯৯.০০১.২৪- ৯০৮ (৫৭৯) তারিখ- ০৭/০৭/২০২৪খ্রি:

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-**

১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল ঃ-**

১। সহকারী মহা-পরিদর্শক, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
২। পরিদর্শক, ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ/রাজশাহী বিভাগ/খুলনা বিভাগ/সিলেট বিভাগ/বরিশাল বিভাগ, নিবন্ধন অধিদপ্তর,ঢাকা।
৩। জেলা রেজিস্ট্রার, ------------------------------------(সকল)। তাঁর জেলায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।
৪। সাব-রেজিস্ট্রার, -------------------------------------(সকল)।
৫। অফিস কপি।

০৭/০৭/২৪
(মো: আল-মামুন)
মহা-পরিদর্শক,নিবন্ধন
বাংলাদেশ,ঢাকা।